SATISH CHANDRA MEMORIAL SCHOOL

CASE STUDY TEST (2025-2026)

CLASS -IV

SUBJECT - BENGALI

TIME - 40minutes

F.M-14

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো। (১×৭=৭)

শীতের এক সকালে বাবা-মা আমাকে নিয়ে বইমেলায় গেলেন। মেলার প্রবেশদ্বারে রঙিন পতাকা আর আলোর সাজে চারদিক ঝলমল করছিল। ভেতরে ঢুকতেই চোখে পড়ল সারি সারি বইয়ের দোকান, যেন জ্ঞানের ভাণ্ডার সাজানো।

আমি গল্পের বই, রূপকথা আর ছবির বই দেখে মুগ্ধ হয়ে গেলাম। একজন লেখক নতুন বই প্রকাশ করছিলেন, সবাই হাততালি দিয়ে তাকে শুভেচ্ছা জানাল। বন্ধুদের সঙ্গে আমরা কবিতা পাঠ শুনলাম, শব্দগুলো যেন মেলার আকাশে ভেসে বেড়াচ্ছিল। খাবারের দোকানে গরম জিলিপি আর ঠান্ডা আইসক্রিম খেয়ে আনন্দ দ্বিগুণ হলো। বই কিনে ব্যাগ ভর্তি করলাম, মনে হলো আমি যেন নতুন এক জগৎ পেয়েছি। সূর্য ডুবে গেলে আমরা বাড়ি ফিরলাম, কিন্তু বইমেলার রঙিন স্মৃতি হৃদয়ে রয়ে গেল। এই বইমেলা শুধু আনন্দ নয়, জ্ঞান আর স্বপ্নের দরজা খুলে দিল আমার সামনে।

i)বইমেলায় শুধু আনন্দ নয়, জ্ঞানও পাওয়া যায়---গল্পে কোন ঘটনাটি তা প্রমাণ করে?

খাবারের দোকানে আইসক্রিম খাওয়া / লেখকের নতুন বই প্রকাশ / বন্ধুদের সঙ্গে হাসি আনন্দ / রঙিন পতাকা দেখা

ii)বইমেলায় কি শুনতে পাওয়া যাচ্ছিল?

গানের আওয়াজ / কবিতা পাঠ / গল্প বলা / নাটক

iii)রঙিন পতাকা কোথায় দেখা যাচ্ছিল?

দোকানের সামনে / জনগণের হাতে / পাশের বাড়ির ছাদে / মেলার প্রবেশদ্বারে

iv)মন্তব্য: বই পড়লে নতুন চিন্তা ও কল্পনার জগৎ তৈরি হয়।

কারণ: বই মানুষকে কল্পনা ও স্বপ্নের জগতে নিয়ে যায়।

মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক

v)মন্তব্য: বই মানুষকে জ্ঞান দেয়, তাই বইমেলাকে জ্ঞানের ভান্ডার বলা হয়ে থাকে।

কারণ: সেখানে নানা ধরনের বই পাওয়া যায়।

মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল / মন্তব্য ও কারণ উভয়ই ঠিক

vi)কোন ঋতুতে বইমেলা বসেছিল?

____________________

vii)কেনা বইগুলি কোথায় রাখা হয়েছিল?

____________________

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো। (১×৭=৭)

হিমালয় পর্বত আকাশ ছোঁয়া, উঁচু হয়ে দাঁড়িয়ে আছে। তার মাথায় বরফের মুকুট সব সময় ঝলমল করে। সূর্যের আলো পড়লে বরফ সোনার মতো দীপ্তি ছড়ায়।

তার বুক থেকে নদী-ঝর্ণা নেমে আসে কলকল ধ্বনি নিয়ে। পাখি আর পশুরা সেখানে আনন্দে বাস করে। মানুষ দূর থেকে এসে তাকে দেখে মুগ্ধ হয়। হিমালয় ঠান্ডা হাওয়া দিয়ে আমাদের রক্ষা করে। সে প্রকৃতির

পাহারাদার, অটল ও অমলিন। তার সৌন্দর্য আমাদের মনকে শান্ত করে। হিমালয় যেন পৃথিবীর গর্ব আর মহিমার প্রতীক।

i)হিমালয়কে গল্পে কী বলা হয়েছে?

প্রকৃতির পাহারাদার / মানুষের বন্ধু / নদীর উৎস / বরফের দেশ

ii)হিমালয়ের সৌন্দর্য আমাদের কী করে?

ভয় দেখায় / শান্ত করে / ক্লান্ত করে / রাগিয়ে দেয়

iii)মানুষ হিমালয়কে দেখতে কোথা থেকে আসে?

দূর থেকে / কাছ থেকে / আকাশ থেকে / সমুদ্র থেকে

iv)মন্তব্য: হিমালয়ে পাখি ও পশুরা আনন্দে বাস করে।

কারণ: সেখানে কোন মানুষ বাস করে না।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয় ঠিক / মন্তব্য ও কারণ উভয় ভুল

v)মন্তব্য: হিমালয়ের বুক থেকে নদী ঝর্ণা নেমে আসে, কলকল ধ্বনি নিয়ে।

কারণ: সূর্যের প্রচন্ড তাপে হিমালয়ের বরফ গলতে শুরু করে।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয় ঠিক / মন্তব্য ও কারণ উভয় ভুল

vi)হিমালয় পর্বতের মাথায় কি থাকে?

____________________

vii)সূর্যের আলো পড়লে বরফ কেমন দেখায়?

____________________